**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**চিকিৎসা শিক্ষা-১ অধিশাখা**
**www.mohfw.gov.bd**

**বিষয়: দেশের সরকারি/বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজসমূহে ২০২১-২২ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস কোর্সের ১ম বর্ষে বিদেশি শিক্ষার্থী ভর্তি প্রক্রিয়ার সময়সূচি চূড়ান্তকরণ বিষয়ক সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব নীতিশ চন্দ্র সরকার
অতিরিক্ত সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
তারিখ : ২৩/০২/২০২২ খ্রি.
সময় : দুপুর ২.০০ টা
স্থান : Zoom Apps
উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, ২০২১-২২ শিক্ষাবর্ষে দেশি শিক্ষার্থীদের এমবিবিএস ও বিডিএস কোর্সের ভর্তি পরীক্ষা যথাক্রমে ০১ এপ্রিল ও ২২ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠানের সময় নির্ধারণ করা হয়েছে। দেশি শিক্ষার্থীদের পাশাপাশি একই সাথে বিদেশি শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম শুরুর লক্ষ্যে বিদেশি শিক্ষার্থী ভর্তির কার্যক্রম শুরুর সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য আজকের সভা আহ্বান করা হয়েছে। সভাপতি এ পর্যায়ে বিদেশি শিক্ষার্থী ভর্তির কার্যক্রম গ্রহণের প্রস্তাবিত সময়াবদ্ধ পরিকল্পনা উপস্থাপনের জন্য উপসচিব (চিকিৎসা শিক্ষা-১)-কে অনুরোধ করেন।

০২। উপসচিব (চিকিৎসা শিক্ষা-১) সরকারি/বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজসমূহে ২০২১-২২ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস কোর্সে ১ম বর্ষে বিদেশি শিক্ষার্থী ভর্তির সময়সীমা ও কর্মপরিকল্পনা বিষয়ে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর থেকে প্রাপ্ত প্রস্তাব সভায় উপস্থাপন করেন। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর থেকে প্রস্তাবিত সময়সূচি বিস্তারিত পর্যালোচনা করে নিম্নরূপ কর্মপরিকল্পনার বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ একমত হন।

**ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ:**

| ক্রম | বিষয়/বিবরণ | সময়সূচি |
|---|---|---|
| ০১. | স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত ২০২১-২২ শিক্ষাবর্ষে বাংলাদেশের সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ ও ডেন্টাল ইউনিটসমূহে সার্ক ও নন-সার্ক কোটায় এমবিবিএস/বিডিএস কোর্সে বিদেশি শিক্ষার্থী ভর্তির বিজ্ঞপ্তি পররাষ্ট্র মন্ত্রণালয় প্রকাশ করবে এবং বিদেশে অবস্থিত দূতাবাসসমূহে প্রেরণ করবে। | ২৪.০২.২০২২ |

**সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে ভর্তির কার্যক্রম:**

| ক্রম | বিষয়/বিবরণ | সময়সূচি |
|---|---|---|
| ০১. | শিক্ষার্থীরা www.dgme.gov.bd প্লাটফর্মে অনলাইনে আবেদন দাখিল করবে। | ২৬.০২.২০২২ থেকে ০৩.০৪.২০২২ |
| ০২. | শিক্ষার্থীরা অনলাইন আবেদনের একটি প্রিন্টেড কপি এবং নিজ নিজ দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক এসএসসি ও এইচএসসি বা সমমানের সনদপত্র ও নম্বরপত্রের প্রত্যায়িত কপিসহ সংশ্লিষ্ট সকল কাগজপত্র সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাসে অথবা বাংলাদেশে অবস্থিত ঐ দেশের দূতাবাসে অথবা বাংলাদেশের জন্য নির্ধারিত ঐ দেশের দূতাবাসে দাখিল করবে। | ২৬.০২.২০২২ থেকে ০৪.০৪.২০২২ |
| ০৩. | সংশ্লিষ্ট দূতাবাস আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্রাদির হার্ডকপি যাচাই বাছাইয়ের পর বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | ১৭.০৪.২০২২ |
| ০৪. | পররাষ্ট্র মন্ত্রণালয় সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ ও ডেন্টাল ইউনিটসমূহে ভর্তির জন্য শিক্ষার্থীদের আবেদনপত্র স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবে এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে অবহিত করবে। | ২৫.০৪.২০২২ |

| | | |
|---|---|---|
| ০৫. | স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর প্রাপ্ত আবেদনসমূহের মার্কস সমতাকরণ (Mark Equalization) সহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ ও ডেন্টাল ইউনিটসমূহের জন্য পৃথক পৃথকভাবে মেধাক্রম তালিকা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করবে। | ১৬.০৫.২০২২ |
| ০৬. | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ সভা অনুষ্ঠানপূর্বক মার্কস সমতাকরণের (Mark Equalization) ভিত্তিতে বিদেশি শিক্ষার্থী নির্বাচন ও কলেজ বরাদ্দ সম্পন্ন করে একটি তালিকা স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবে। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর উক্ত তালিকার ভিত্তিতে সরকারি আদেশ জারি করে পররাষ্ট্র মন্ত্রণালয় ও স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করবে। | ২৬.০৫.২০২২ |
| ০৭. | পররাষ্ট্র মন্ত্রণালয় মনোনীত শিক্ষার্থীদের তালিকা/অফিস আদেশ সংশ্লিষ্ট দূতাবাসে প্রেরণ করবে। দূতাবাসসমূহ মনোনীত বিদেশি শিক্ষার্থীদের ভিসা ইস্যুসহ সকল ধরণের সহযোগিতা করবে। | ০৫.০৬.২০২২ |
| ০৮. | সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ ও ডেন্টাল ইউনিটসমূহ বিদেশি শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে। | ৩০.০৬.২০২২ |

**বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তির কার্যক্রম:**

| ক্রম | বিষয়/বিবরণ | সময়সূচি |
|---|---|---|
| ০১. | শিক্ষার্থীরা www.dgme.gov.bd প্লাটফর্মে অনলাইনে আবেদন দাখিল করবে। | ২৬.০২.২০২২ থেকে ০৩.০৪.২০২২ |
| ০২. | শিক্ষার্থীরা অনলাইন আবেদনের একটি প্রিন্টেড কপি এবং নিজ নিজ দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক এসএসসি ও এইচএসসি বা সমমানের সনদপত্র ও নম্বরপত্রের প্রত্যায়িত কপিসহ সংশ্লিষ্ট সকল কাগজপত্র সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাসে অথবা বাংলাদেশে অবস্থিত ঐ দেশের দূতাবাসে অথবা বাংলাদেশের জন্য নির্ধারিত ঐ দেশের দূতাবাসে দাখিল করবে। | ২৬.০২.২০২২ থেকে ০৪.০৪.২০২২ |
| ০৩. | সংশ্লিষ্ট দূতাবাস আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্রাদির হার্ডকপি যাচাই বাছাইয়ের পর বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | ১৭.০৪.২০২২ |
| ০৪. | পররাষ্ট্র মন্ত্রণালয় বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটে ভর্তির জন্য শিক্ষার্থীদের আবেদন স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবে এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে অবহিত রাখবে। | ২৫.০৪.২০২২ |
| ০৫. | স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর প্রাপ্ত আবেদনসমূহের মার্কস সমতাকরণ (Mark Equalization) সম্পন্ন করে মার্কস সমতাকরণ সনদের মূলকপি সংশ্লিষ্ট মেডিকেল/ডেন্টাল কলেজে প্রেরণ করবে এবং একটি তালিকা পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে সংশ্লিষ্ট দূতাবাসে ও সামগ্রিক তালিকা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করবে। | ১৬.০৫.২০২২ |
| ০৬. | বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিট ভর্তিযোগ্য বিদেশি শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে। | ৩০.০৬.২০২২ |

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.০১ দেশের সরকারি/বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজসমূহে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস কোর্সের ১ম বর্ষে বিদেশি শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে উপরে বর্ণিত কার্যক্রম ও সময়সীমা অনুমোদন করা হলো;

৩.০২ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে ভর্তির বিজ্ঞপ্তি প্রস্তুত ও জারিসহ অন্যান্য কার্যক্রম সম্পাদন করবে; এবং

৩.০৩ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস কোর্সে ১ম বর্ষে বিদেশি শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত কার্যক্রম সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার আনুষ্ঠানিক সমাপ্তি ঘোষণা করেন।

২৩/০২/২০২২

**(নীতিশ চন্দ্র সরকার)**
অতিরিক্ত সচিব

নং-৫৯.০০.০০০০.১৪০.৩৩.০২১.২২. ১৯৬ তারিখ: ১০ ফাল্গুন, ১৪২৮ / ২৩ ফেব্রুয়ারি, ২০২২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা [দৃ: আ: পরিচালক (আই.ও)]

০২। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা

০৩। যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

০৪। অতিরিক্ত মহাপরিচালক (শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা

০৫। পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা

০৬। অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ/স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা/শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা/ মুগদা মেডিকেল কলেজ, ঢাকা/ ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা

০৭। সভাপতি, বাংলাদেশ বেসরকারি মেডিকেল কলেজ এসোসিয়েশন, ঢাকা

23.02.22

(মোহাম্মদ আবদুল কাদের)
উপসচিব
ফোন-৯৫৪০৭৩০
ই-মেইল: me1@mefwd.gov.bd